দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 FEB 2018
পৃষ্ঠা ৩ কলাম ৫

# তেজগাঁওয়ে বিভিন্ন দাবিতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চল এলাকার সাতরাস্তায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। একাডেমিক বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে শিক্ষার্থীরা এই বিক্ষোভ করেন। গতকাল রবিবার বেলা ১২টার দিকে সাতরাস্তায় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের সামনে বিক্ষোভ শুরু করেন শিক্ষার্থীরা। বেলা পৌনে ১টার দিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দাবি মেনে নেওয়ার আশ্বাস দিলে তারা সড়ক থেকে সরে যান।

কোনো টার্মের পরীক্ষার রেজাল্ট এক মাসের মধ্যে দেওয়া; রেজাল্টের ১৫ দিনের মধ্যে সাপ্লিমেন্ট নেওয়া, চার বিষয়ের বেশি ফেল থাকলে ইন্টার্নশিপ করতে দেওয়া, সাপ্লিমেন্ট ফি কমানোসহ নানা দাবি আদায়ে শিক্ষার্থীরা বিক্ষোভ করেন।

তেজগাঁও শিল্পাঞ্চল থানার ওসি আব্দুর রশিদ জানান, বিক্ষোভের কারণে তেজগাঁও সাতরাস্তা এলাকার সড়কে আধাঘণ্টা যান চলাচল বন্ধ ছিল। এরফলে সড়কের দুই পাশে তীব্র যানজটের সৃষ্টি হয়েছিল।